

(প্রেস বিজ্ঞপ্তি)

০৪ জানুয়ারি ২০২৩ খ্রি.

## চসিক স্কুল ও কলেজ পরিচালনা পরিষদের সভায় মেয়র সুশিক্ষা জাতির উন্নতি ও অগ্রগতির চাবিকাঠি

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেন, সুন্দর সমাজ বিনির্মাণে সভ্যজাতি ও সমৃদ্ধ দেশ গঠনে শিক্ষার কোন বিকল্প নেই। সূনাগরিক গড়ে তুলতে শিক্ষক ও শিক্ষা প্রতিষ্ঠানের ভূমিকা অপরিসীম। তিনি বলেন, শিক্ষার্থীদের সূনাগরিক হিসেবে গড়ে তুলতে হলে আনন্দের মাধ্যমে মানসম্মত শিক্ষা দান করতে হবে এবং শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে তুলতে হবে। তিনি শিক্ষার্থীদের গুণ উচ্চ নম্বর প্রাপ্তির আশায় শিক্ষা অর্জন না করার পাশাপাশি সামাজিক দক্ষতা, মানবতা ও নৈতিকতা সহ প্রয়োজনীয় মানবিক গুণাবলি অর্জনের আহ্বান জানান। আজ বুধবার চসিকের অস্থায়ী নগর ভবনের সম্মেলন কক্ষে সিটি কর্পোরেশন পরিচালিত স্কুল ও কলেজের গভর্নিং বডি ও স্কুল পরিচালনা পরিষদের সভায় সভাপতির বক্তব্যে তিনি একথা বলেন।

এসময় উপস্থিত ছিলেন অপর্ণাচরণ সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজের গভর্নিং বডি ও কৃষ্ণকুমারী সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়ের পরিচালনা পরিষদের সদস্য কাউন্সিলর মো. সলিম উল্লাহ বাচ্চু, প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার, শিক্ষা কর্মকর্তা উজালা রানী চাকমা, সদস্য সচিব অপর্ণাচরণ সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজের অধ্যক্ষ জারেকা বেগম, সদস্য সচিব কৃষ্ণ কুমারী সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আকতার হোসেন, অভিভাবক সদস্য নরেন্দ্রনাথ সূত্রধর, রফিকুল আলম, হামিদা কাউসার, পারভিন মাহামুদ, শিক্ষক প্রতিনিধি কাউছার আকতার চৌধুরী, রোমানা আফরোজ, শাহিনুর জাহান, বিপ্লব ভট্টাচার্য প্রমুখ।

মেয়র আরো বলেন, সুশিক্ষা একটি জাতির উন্নতির ও অগ্রগতির চাবিকাঠি সুশিক্ষা মানুষকে আলোকিত করে এবং বাস্তব ভিত্তিক সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করে। তিনি পরিচালনা কমিটির সকলকে সততা, আন্তরিকতা ও নিষ্ঠার সাথে শিক্ষা প্রতিষ্ঠানের মান উন্নয়ন ও সুখ্যাতি বৃদ্ধির জন্য নিরলসভাবে দায়িত্ব পালন করার আহ্বান জানান।

চসিক ভ্রাম্যমাণ আদালত

## নগরীর বিভিন্ন এলাকায় পরিচালিত অভিযানে শতাধিক অবৈধ স্থাপনা উচ্ছেদ

### ১১ ব্যক্তিকে ৩০ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী নগরীর পতেঙ্গা থানার বিজয় নগর, ইপিজেড থানার সন্টগোলা ক্রসিং থেকে ইপিজেড পর্যন্ত ভিআইপি রোডের উভয় পাশ ও ইশান মিস্ত্রি হাট এলাকার ফুটপাথ ও নালার জায়গা দখল করে অবৈধভাবে দোকান নির্মাণ, দোকানের অংশ বর্ধিত করে ফুটপাথে মালামাল রেখে চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করায় শতাধিক অবৈধ দোকান ও স্থাপনা উচ্ছেদ করা হয়। এই সময় রাস্তা দখল করে দোকান বর্ধিত করার দায়ে ১ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানে অংশ নেন সিটি মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচালনা কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম।

স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন পরিচালিত অপর অভিযানে নগরীর সদরঘাট রোডের উভয় পাশের রাস্তা ও ফুটপাথ দখল করে ব্যবসা পরিচালনা ও নির্মাণ সামগ্রী রাখার দায়ে ১০ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ২৫ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩